



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
ছাটাই শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯২.৭৫.০০১.২২.৩০

তারিখ: ২৯ শ্রাবণ ১৪৩০

১৩ আগস্ট ২০২৩

বিষয়: চলতি বোরো সংগ্রহ/২০২৩ মৌসুমে সংগৃহীত বোরো ধান ছাটাই সম্পন্নকরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, চলতি বোরো সংগ্রহ/২০২৩ মৌসুম আগামী ৩১.০৮.২০২৩ তারিখে সমাপ্ত হবে। চলমান বোরো সংগ্রহ/২০২৩ মৌসুমে ধান সংগ্রহের নির্ধারিত লক্ষ্যমাত্রা ৪,০০,০০০ মে:টন এর বিপরীতে গত ০৯.০৮.২০২৩ তারিখ পর্যন্ত ১,৯৯,৬৮৬ মে:টন ধান সংগৃহীত হয়েছে। ১০.৮.২০২৩ তারিখের এমআইএসএন্ডএম বিভাগ থেকে প্রকাশিত দৈনিক প্রতিবেদনে দেখা যায় সারাদেশের খাদ্যগুদামে এখনো ১,১১,৯৬২ মে.টন ধান মিলিং এর অপেক্ষায় রয়েছে।

উল্লেখ্য, চলতি বোরো সংগ্রহ, ২০২৩ মৌসুমে ১২,৫০,০০০ মে.টন সিদ্ধ চালের নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে গত ০৯.০৮.২০২৩ তারিখ পর্যন্ত ১০,৭৫,৫৪০ মে.টন সিদ্ধ চাল সংগৃহীত হয়েছে। নির্ধারিত সিদ্ধ চালের লক্ষ্যমাত্রার বিপরীতে এখনো ১,৭৪,৪৬০ মে.টন সিদ্ধ চাল সংগ্রহের অবশিষ্ট রয়েছে। বর্তমানে সারাদেশে খাদ্য গুদামে স্থান সংকট রয়েছে। চলতি বোরো চাল সংগ্রহ সফল করার স্বার্থে সারাদেশে খাদ্যগুদামে মজুত ১,১১,৯৬২ মে.টন ধান জবুরিভিত্তিতে মিলিং করে গুদামে জায়গা সৃষ্টি করা প্রয়োজন।

এমতাবস্থায়, সারাদেশের বিভিন্ন গুদামে সংগৃহীত বোরো ধান অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ অনুযায়ী আগামী ১৫ দিনের মধ্যে মিলিং সম্পন্ন করতে অনুরোধ করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

১৩-৮-২০২৩

রেজা মোহাম্মদ মহসিন

পরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

ফোন: +৮৮-০২-৪১০৫০১৭৮

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭

ইমেইল: dproc@dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯২.৭৫.০০১.২২.৩০/১(৫)

তারিখ: ২৯ শ্রাবণ ১৪৩০

১৩ আগস্ট ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্যমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

- ৪) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।



১৩-৮-২০২৩

রেজা মোহাম্মদ মহসিন
পরিচালক